ইত্তেফাক

তারিখ ২৫।৯।৮১

পৃষ্ঠা ... কলাম ...





# আর্ত মানবতার সেবাই রুনার জীবনের লক্ষ্য

যশোর, ৪ঠা সেপ্টেম্বর (নিজস্ব সংবাদদাতার তার)—যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকারিণী তরফদার রুনা

(৮ম পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## রুনার জীবনের লক্ষ্য

(১ম পৃঃ পর)

লায়লা ভবিষ্যতে একজন চিকিৎসক হইবার বাসনা প্রকাশ করিয়াছে।

আজ স্থানীয় ইত্তেফাক সংবাদদাতার সহিত এক সাক্ষাৎকারে রুনা লায়লা জানায় সে তাহার লেখাপড়ার সাধনায় প্রতিভাধর অগ্রজের নিকট হইতে বিরাট অনুপ্রেরণা লাভ করিয়াছে। রুনা লায়লা ১৯৭৯ সালে যশোর বোর্ডের মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান লাভের গৌরব অর্জন করে এবং ঐ একই বছর তাহার একমাত্র ভাই একই বোর্ডে এইচ,এস,সি পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান লাভ করে। এই দুই কৃতী ভাই-বোন কুষ্টিয়ার স্কুলসমূহের পরিদর্শক জনাব ও বেগম মাজহারুল হকের সন্তান।

রুনা লায়লা জানায়, চিকিৎসা শাস্ত্রে উচ্চতর শিক্ষা শেষে আর্তমানবতার সেবায় সে তাহার জীবন উৎসর্গ করিবে। কখনও সে সরকারী চাকুরীতে যোগ দিবে না।

রুনা লায়লার কোন গৃহশিক্ষক ছিল না। পাঁচ ওয়াক্ত নামাজ সে নিয়মিত আদায় করে। আভ্যন্তরীণ খেলা ধূলা, রচনা ও বিতর্ক প্রতিযোগিতায়ও সে কৃতিত্বের অধিকারী।